গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর
আবহাওয়া ভবন
ই-২৪, আগারগাঁও, ঢাকা- ১২০৭
www.bmd.gov.bd

নম্বর-২৩.০৯.০০০০.১২৭.৩৫.০২১.০৪.

তারিখ: জ্যৈষ্ঠ ১৪৩০
মে ২০২৩

# অফিস আদেশ

যেহেতু, জনাব মল্লিক শফিকুল ইসলাম, আবহাওয়া সহকারী (সাময়িকভাবে বরখাস্তকৃত), আঞ্চলিক পরিদর্শন কেন্দ্র, খুলনা, ১ম শ্রেণির আবহাওয়া পর্যবেক্ষণাগার, সাতক্ষীরায় কর্মরত থাকাকালীন কার্যালয়ে নিয়মিত উপস্থিত থাকতেন না এবং রোস্টার অনুযায়ী সপ্তাহে ০২ দিন সকালের পর্যবেক্ষণ গ্রহণের সিডিউল থাকলেও কোনো সপ্তাহে ডিউটি করেন, আবার কোনো সপ্তাহে বিভিন্ন অজুহাতে ডিউটিতে অনুপস্থিত থেকে অন্যের দ্বারা ডিউটি সম্পাদন করেছিলেন, তদুপরি সপ্তাহের অবশিষ্ট ০৩ দিন জেনারেল ডিউটি করার নির্দেশনা থাকলেও কখনও অফিসে উপস্থিত হতেন না; ডিউটিকালীন CL-17 ফর্ম পূরণ ও সান শাইন কার্ড পরিবর্তন করাসহ অন্যান্য কার্যাবলি সঠিকভাবে সম্পাদন করেননি; আবহাওয়া ও ভূ-প্রাকৃতিক কেন্দ্র, চট্টগ্রাম কার্যালয়ের ১৭-০৮-২০২০ তারিখের ২১০৪ নং পত্রের মাধ্যমে ০৩-০৯-২০২০ তারিখে স্বয়ংক্রিয়ভাবে বিমোচিত হবেন মর্মে উল্লেখ করে ডি.এম.ও কক্সবাজারে বদলি করা হয় এবং উক্ত তারিখে সাতক্ষীরা কার্যালয় হতে বিমোচন করা হলেও বদলীকৃত কর্মস্থলে যোগদান না করে সরকারি আদেশ/নির্দেশ অমান্য করেছেন;

২। যেহেতু, তাঁর বোনকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের একজন সচিব পরিচয় দিয়ে বিভিন্ন দপ্তরে চাকরি দেয়ার প্রলোভন দেখিয়ে স্থানীয় কয়েক ব্যক্তির নিকট থেকে প্রতারণার মাধ্যমে টাকা ৩৭,০০,০০০/- (সাঁইত্রিশ লক্ষ) মাত্র আত্মসাৎ করেছেন মর্মে সাতক্ষীরার বিভিন্ন স্থানীয় পত্রিকায় প্রকাশিত হয়েছে এবং উক্ত বিষয়ে স্থানীয় ব্যক্তিগণ সিআর মামলা নম্বর- ২১৩/২০২০ (ডুমুরিয়া) দায়ের করেন; দায়েরকৃত ফৌজদারী মামলায় ০৪-১১-২০২১ তারিখ গ্রেফতার হয়ে জেল হাজতে থাকায় সরকারি চাকরি হতে পুনরায় সাময়িকভাবে বরখাস্ত হন;

৩। যেহেতু, ইতঃপূর্বেও চাকরির প্রলোভন দেখিয়ে অনুরূপভাবে টাকা ৪,৫০,০০০/- (চার লক্ষ পঞ্চাশ হাজার) মাত্র আত্মসাৎ এবং সাতক্ষীরা কার্যালয়ের ভারপ্রাপ্ত কর্মকর্তার নামে সরকারি একাউন্টের চেক ব্যক্তিগত পাওনা টাকা ৪,৫০,০০০/- (চার লক্ষ পঞ্চাশ হাজার) মাত্র পরিশোধে সরকারি চেক প্রদান এবং চেকটি ডিজঅনার-এর দায়ে ফৌজদারী মামলায় গ্রেফতার হয়ে জেল হাজতে থাকায় সরকারি চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত হয়েছিলেন;

৪। যেহেতু, বর্ণিত কার্যকলাপের জন্য তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক 'অসদাচরণ' (Misconduct)-এর অভিযোগে বিভাগীয় মামলা (নম্বর ২/২০২১) রুজু করে ১৭ ফেব্রুয়ারি ২০২১ খ্রিঃ তারিখের ২৩.০৯.০০০০.১২.৩৫.০২১.০৪.৯৫৫ নম্বর স্মারকের মাধ্যমে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে তাঁকে কারণ দর্শানোর নির্দেশ প্রদান করা হলে তিনি ২৮-০৩-২০২১ তারিখে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির প্রার্থনা করেন;

৫। যেহেতু, উক্ত বিভাগীয় মামলায় অভিযুক্ত কর্মচারী কর্তৃক পেশকৃত লিখিত জবাব সন্তোষজনক না হওয়ায় বর্ণিত বিভাগীয় মামলায় গুরুদন্ড আরোপের পর্যাপ্ত ভিত্তি রয়েছে মর্মে প্রতীয়মান হওয়ায় ন্যায়বিচারের স্বার্থে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৭(২)(ঘ) অনুযায়ী আনীত অভিযোগ তদন্তের জন্য বেগম কাওসার পারভীন, উপপরিচালক, ঝড় সতর্কীকরণ কেন্দ্র, ঢাকা-কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

৬। যেহেতু, অভিযুক্ত কর্মচারীর বিরুদ্ধে সুনির্দিষ্ট অভিযোগ থাকা সত্ত্বেও তদন্তকারী কর্মকর্তা তদন্ত প্রতিবেদনে অফিস ডিউটিতে রোস্টার অনুযায়ী সপ্তাহে ০২ দিন সকালের পর্যবেক্ষণ গ্রহণের সিডিউল থাকলেও কোনো সপ্তাহে ডিউটি করেন, আবার কোনো সপ্তাহে বিভিন্ন অজুহাতে ডিউটিতে অনুপস্থিত থেকে অন্যের দ্বারা ডিউটি সম্পাদন করেছিলেন, তদুপরি সপ্তাহের অবশিষ্ট ০৩ দিন জেনারেল ডিউটি করার নির্দেশনা থাকলেও কখনও অফিসে উপস্থিত হতেন না; ডিউটিকালীন CL-17 ফর্ম পূরণ ও সান শাইন কার্ড পরিবর্তন করাসহ অন্যান্য কার্যাবলি সঠিকভাবে সম্পাদন করেননি; আবহাওয়া ও ভূ-প্রাকৃতিক কেন্দ্র, চট্টগ্রাম কার্যালয়ের ১৭-০৮-২০২০ তারিখের ২১০৪ নং পত্রের মাধ্যমে ০৩-০৯-২০২০ তারিখে স্বয়ংক্রিয়ভাবে বিমোচিত হবেন মর্মে উল্লেখ করে ডি.এম.ও, কক্সবাজারে বদলি করা হয় এবং উক্ত তারিখে সাতক্ষীরা কার্যালয় হতে বিমোচন করা হলেও বদলীকৃত কর্মস্থলে যোগদান না করে সরকারি আদেশ/নির্দেশ অমান্য করার ব্যাপারে কোনো মন্তব্য করেননি এবং তাঁর বোনকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের একজন সচিব পরিচয় দিয়ে বিভিন্ন দপ্তরে চাকরি দেয়ার প্রলোভন দেখিয়ে স্থানীয় কয়েক ব্যক্তির নিকট থেকে প্রতারণার মাধ্যমে টাকা ৩৭,০০,০০০/- (সাঁইত্রিশ লক্ষ) মাত্র আত্মসাৎ করেছেন মর্মে সাতক্ষীরার স্থানীয় বিভিন্ন পত্রিকায় প্রকাশিত হয়েছে এবং উক্ত বিষয়ে স্থানীয় ব্যক্তিগণ সিআর মামলা নম্বর ২১৩/২০২০ (ডুমুরিয়া) দায়েরকৃত মামলাটি আদালতে বিচারাধীন বিধায় কোনো মন্তব্য করার অধিকারী নয় মর্মে উল্লেখ করেন;

৭। যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২৫(১) বিধিমতে ‘‘আদালতের বিচারাধীন কার্যধারা - কোনো সরকারি কর্মচারীর বিরুদ্ধে কোনো আদালতে একই বিষয়ের উপর ফৌজদারি কার্যধারা বা আইনগত কার্যধারা বিচারাধীন থাকিলে, তাহার বিরুদ্ধে বিভাগীয় কার্যধারা নিষ্পত্তির ক্ষেত্রে কোনো বাধা থাকিবে না’’ বিধায় অভিযুক্ত কর্মচারীর বিরুদ্ধে সুনির্দিষ্ট অভিযোগ থাকায় তদন্ত প্রতিবেদনে তাহা সঠিকভাবে প্রতিফলিত না হওয়ায় ন্যায় বিচারের স্বার্থে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(৭) অনুযায়ী বিভাগীয় মামলা পুনঃতদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা বেগম কাওসার পারভীন, উপরিচালক, ঝড় সতর্কীকরণ কেন্দ্র, ঢাকা-কে পুনঃতদন্তের আদেশ প্রদান করা হয়;

৮। যেহেতু, অভিযুক্ত কর্মচারীর বিরুদ্ধে সুনির্দিষ্টি সাক্ষ্য-প্রমাণ থাকায় তদন্তকারী কর্মকর্তা বিভাগীয় মামলার পুনঃতদন্ত প্রতিবেদনেও অন্য অন্য অভিযোগের বিষয়ে পাশ কাটিয়ে উত্থাপিত অভিযোগে ফৌজদারী মামলা আদালতে বিচারাধীন মর্মে বিভাগীয় মামলার বিষয়ে কোনো মন্তব্য করেননি;

৯। যেহেতু, অভিযুক্ত কর্মচারী একই ঘটনা পুনরাবৃত্তি করে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের ভাবমূর্তি চরমভাবে ক্ষুন্ন করছেন;

১০। যেহেতু, সরজমিনে প্রাথামিক তদন্ত ও বিভাগীয় মামলার সংশ্লিষ্ট নথি পর্যালোচনায় সরকারি দায়িত্ব যথাযথ পালন না করা, অফিসের আদেশ/নির্দেশ অমান্য করা, চাকরির প্রলোভন দেখিয়ে স্থানীয় ব্যক্তির নিকট থেকে প্রতারণার মাধ্যমে পুনরায় টাঃ ৩৭,০০,০০০/- (সাঁইত্রিশ লক্ষ) মাত্র আত্মসাৎ করা এবং একই ঘটনা বারবার পুনরাবৃত্তি হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৩(খ) অনুযায়ী ‘অসদাচরণ’ (Misconduct)-এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(৩)(গ) বিধি মতে চাকরি হতে ‘অপসারণ’ (Terminate) বা বিধিতে বর্ণিত অন্য কোনো গুরুদন্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণক্রমে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ জারি করে বিধিমালা ৭(৯) অনুযায়ী নোটিশ প্রাপ্তির ৭(সাত) কার্যদিবসের মধ্যে জবাব প্রদানের নির্দেশ দেয়া হয়; এবং

১১। যেহেতু, অভিযুক্ত কর্মচারী ২৪-০৩-২০২২ তারিখে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিল করেন; জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় জনাব মল্লিক শফিকুল ইসলাম, আবহাওয়া সহকারী (সাময়িকভাবে বরখাস্তকৃত), আঞ্চলিক পরিদর্শন কেন্দ্র, খুলনা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' (Misconduct)-এর অভিযোগ প্রমাণিত হওয়ায় গুরুদন্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত বহাল রাখা হয়।

১২। সেহেতু, জনাব মল্লিক শফিকুল ইসলাম, আবহাওয়া সহকারী (সাময়িকভাবে বরখাস্তকৃত), আঞ্চলিক পরিদর্শন কেন্দ্র, খুলনা-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, তাঁর কারণ দর্শানোর জবাব, তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট নথিপত্রাদি পর্যালোচনাক্রমে তাঁর বিরুদ্ধে এ বিভাগীয় মামলায় আনীত ও প্রমাণিত 'অসদাচরণ' (Misconduct)-এর অভিযোগে দোষী সাব্যস্ত করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপলি) বিধিমালা, ২০১৮ এর ৪(৩)(ঘ) বিধিমতে গুরুদন্ড হিসেবে এ অধিদপ্তরের চাকরি হতে 'বরখাস্তকরণ' (Dismissal from service) নামীয় গুরুদন্ড প্রদান করা হলো। একইসাথে এ অধিদপ্তরের ১৭-১১-২০২১ তারিখে ২৩.০৯.০০০০.১২৭.৩৫.০২১.০৪.৫৫৫১ (১-১০) নম্বর স্মারকের মাধ্যমে জারিকৃত সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার করা হলো এবং তাঁর সাময়িক বরখাস্তকাল কর্মকাল হিসেবে গণ্য হবে, তবে ০৪-১১-২০২১ হতে ১৬-১১-২০২১ তারিখ পর্যন্ত ১৩(তেরো) দিন অসাধারণ ছুটি গণ্য করে বরখাস্তকালীন গৃহীত খোরপোষ ভাতা প্রাপ্য বকেয়া বেতনভাতা হতে সমন্বয়ের আদেশ প্রদান করা হলো।

১৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাঃ/-<br>
(মোঃ আজিজুর রহমান)<br>
পরিচালক<br>
ফোন: ৪৮১১২৪৫৬

নম্বর-২৩.০৯.০০০০.১২৭.৩৫.০২১.০৪. ৪৫২১

তারিখ: ১৭ জ্যৈষ্ঠ ১৪৩০ / ৩১ মে ২০২৩

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, প্রতিরক্ষা মন্ত্রণালয়, এইচবিএফসি ভবন, ২২ পুরানা পল্টন, ঢাকা- ১০০০।

২। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক এর কার্যালয়, খুলনা।

৩। উপপরিচালক, আবহাওয়া ও ভূ-প্রাকৃতিক কেন্দ্র, চট্টগ্রাম।

৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আঞ্চলিক পরিদর্শন কেন্দ্র, খুলনা/১ম শ্রেণির আবহাওয়া পর্যবেক্ষণাগার, সাতক্ষীরা।

৫। জনাব এস.এম. কামরুল হাসান, আবহাওয়াবিদ, ঝড় সতর্কীকরণ কেন্দ্র,ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ক্যাশ/বাজেট/পেনশন/সাধারণ প্রশাসন/কেন্দ্রীয় স্টোর/নিরাপত্তা/ডিএস মহাশাখা, আবহাওয়া সদর দপ্তর,ঢাকা।

৭। জনাব মল্লিক শফিকুল ইসলাম, আবহাওয়া সহকারী (সাময়িক বরখাস্তকৃত), আঞ্চলিক পরিদর্শন কেন্দ্র, খুলনা।

৮। **বর্তমান ঠিকানা:** জনাব মল্লিক শফিকুল ইসলাম, আবহাওয়া সহকারী (সাময়িক বরখাস্তকৃত), প্রযত্নে: বীর মুক্তিযোদ্ধা মোঃ তবিবুর রহমান, গ্রাম-দক্ষিণ সারসা, ডাকঃ সেনেরগাতী, থানা-পাটকেলঘাটা, জেলা- সাতক্ষীরা। ই-মেইল: mollick1978@gmail.com

৯। **স্থায়ী ঠিকানা:** জনাব মল্লিক শফিকুল ইসলাম, আবহাওয়া সহকারী (সাময়িক বরখাস্তকৃত), পিতা: মোঃ আব্দুস সবুর মল্লিক, গ্রাম: উত্তর শলুয়া, ডাকঘর: কপিলমুনি, উপজেলা: পাইকগাছা, জেলা: খুলনা।

৩১/০৫/২৩<br>
(মোঃ আজিজুর রহমান)<br>
পরিচালক